# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৬৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন মুসলিম ভাইকে আল্লাহর জন্য ভালবাসলে তাকে ভালবাসার কথা জানিয়ে দেওয়া মুস্তাহাব

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يُعلم أَخَاهُ مَحَبَّتَهُ إِيَّاهُ لِلَّهِ ـ جَلَّ وَعَلَا ـ

---

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا الْأَزْرَقُ بْنُ عَلِيٍّ أَبُو الْجَهْمِ قَالَ: حَدَّثَنَا حَسَّانُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا زُهَيْرُ بْنُ مُحَمَّدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَمُوسَى بْنِ عُقْبَةَ عَنْ نَافِعٍ قَالَ: سَمِعْتُ ابْنَ عُمَرَ يَقُولُ: بَيْنَا أَنَا جَالِسٌ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ أَتَاهُ رَجُلٌ فَسَلَّمَ عَلَيْهِ ثُمَّ وَلَّى عَنْهُ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي لَأُحِبُّ هَذَا لِلَّهِ قَالَ: (فَهَلْ أَعْلَمْتَهُ ذَاكَ؟ ) قُلْتُ: لَا قَالَ: (فَأَعْلِمْ ذَاكَ أَخَاكَ) قَالَ: فَاتَّبَعْتُهُ فَأَدْرَكْتُهُ فَأَخَذْتُ بِمَنْكِبِهِ فَسَلَّمْتُ عَلَيْهِ وَقُلْتُ: وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ لِلَّهِ قَالَ هُوَ: وَاللَّهِ إِنِّي لَأُحِبُّكَ لِلَّهِ قُلْتُ: لَوْلَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أمرني أن أُعلمك لم أفعل.
تَفَرَّدَ بِهَذَا الْحَدِيثِ الْأَزْرَقُ بْنُ عَلِيٍّ قَالَهُ الشيخ
الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 568 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৫৬৮. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে বসে ছিলাম। এমন সময় তাঁর কাছে এক ব্যক্তি আসেন, তাঁকে সালাম দেন তারপর চলে যান। অতঃপর আমি বললাম: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আমি এই ব্যক্তিকে আল্লাহর জন্য ভালবাসি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তুমি কি তোমার ভালবাসার কথা তাকে জানিয়েছো?” আমি বললাম: “জ্বী, না।” তিনি বলেন: “তোমার ভাইকে সেটা তুমি জানিয়ে দাও।” রাবী বলেন: “ফলে আমি তার পিছু চললাম। অতঃপর আমি তাকে পেয়ে গেলাম। অতঃপর আমি তার কাঁধ ধরলাম এবং তাকে সালাম দিয়ে বললাম: “আল্লাহর কসম, আমি আপনাকে আল্লাহর জন্য ভালবাসি।” তখন

তিনিও বললেন: “আল্লাহর কসম, আমিও আপনাকে আল্লাহর জন্য ভালবাসি।” আমি বললাম: “ যদি আল্লাহর নাবী আমার ভালবাসার কথা তোমাকে জানিয়ে দেওয়ার জন্য নির্দেশ না দিতেন, তবে আমি এমনটা করতাম না।”[1]

হাদীসটি আযরাক বিন ‘আলী এককভাবে বর্ণনা করেছেন। এটি আমাদের শাইখ বলেছেন।”

## ফুটনোট

[1] তাবারানী, আল কাবীর: ১৩৩৬১; তাবারানী, আল আওসাত: ৪৯১; মাজমা‘উয যাওয়াইদ: ১০/২৮২; মুসনাদুশ শিহাব: ৭৬৫; আদাবুল মুফরাদ: ৫৪৩; মুসনাদ আহমাদ: ৫/১৪৫।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২৫৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89035

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন